দৈনিক ইত্তেফাক

তারিখ 27 NOV 1996
পৃষ্ঠা ৯ কলাম ৫

৪

# ৮৫ জন ভুয়া ছাত্রীর নামে উপবৃত্তি ও টিউশন ফি আত্মসাৎ

জন ছাত্রীর নামে উপবৃত্তি ও টিউশন ফি উত্তোলন করা হইয়াছে। উহার মধ্যে তদন্তকালে ৮৫ জনই ভুয়া ছাত্রী হিসাবে ধরা পড়িয়াছে। থানা উপবৃত্তি কর্মকর্তার সুপারিশে উক্ত টাকা উত্তোলন হয়। ঐ থানায় আরো ৩টি মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রী উপবৃত্তি ও টিউশন ফি উত্তোলনে ব্যাপক কারচুপি ও দুর্নীতির অভিযোগ রহিয়াছে। স্কুল ৩টি হইতেছে চরালগি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, বজলুর রহমান গার্লস সেমিনার ও ভিডিসি হাইস্কুল। ঐ স্কুল ৩টিতেও ভুয়া ছাত্রী দেখাইয়া ছাত্রী উপবৃত্তি ও টিউশন ফি তোলা হইয়াছে। সংশ্লিষ্ট ব্যাংকসূত্রে জানা গিয়াছে, চরলগি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রী আছে ৩৫ জন, উপবৃত্তির টাকা তোলা হইয়াছে ৮৭ জনের এবং টিউশন ফি তোলা হইয়াছে ১০৭ জনের। ঐ স্কুলে যে সমস্ত ভুয়া ছাত্রীর নামে টাকা তোলা হইয়াছে তাহারা পার্শ্ববর্তী দশমিনা থানার আমদপুরা রেজিষ্টার্ড প্রাইমারী বিদ্যালয়ে লেখাপড়া করিতেছে। বজলুর রহমান ফাউন্ডেশন গার্লস সেমিনারে ছাত্রী আছে ৫০ জন, উপবৃত্তি ও টিউশন ফি তোলা হইয়াছে ২৯০ জন ছাত্রীর। ভিডিসি হাইস্কুলে ছাত্রী আছে ৪০ জন, উপবৃত্তি ও টিউশন ফি তোলা হইয়াছে ১২০ জন ছাত্রীর। ঐ দুই স্কুলের অবস্থান খুব কাছাকাছি। জানা যায়, ভুয়া ছাত্রীর নাম দেখাইতে গিয়া ঐ এলাকার প্রাইমারী স্কুলে ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীতে অধ্যয়নরত কোন ছাত্রী বাদ পড়ে নাই। ❑